গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০২.২০১৭/১১৩

তারিখ ঃ ০২.৭.১৪২৫ বঙ্গাব্দ
১৭.১০.২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রনিক্স, টেক/পাওয়ার, টেক/কম্পিউটার)" পদের বাছাই পরীক্ষার (MCQ Type) আসন ব্যবস্থা, সময়সূচি ও নির্দেশাবলি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১০ম গ্রেডের **"জুনিয়র ইন্সট্রাক্টর [(টেক/ইলেকট্রনিক্স, টেক/পাওয়ার, টেক/কম্পিউটার)"** (বিজ্ঞপ্তির ক্রমিক নং-৩৪, ৩৫ ও ৩৯, তারিখ: ২৪.০১.২০১৮)] পদের বাছাই পরীক্ষা **(MCQ Type)** আগামী ০২.১১.২০১৮ তারিখ, শুক্রবার বিকেল ৩:৩০ টা হতে ৪:৩০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে:

**বাছাই পরীক্ষার আসন ব্যবস্থা:**

| তারিখ ও সময় | পরীক্ষার কেন্দ্রের নাম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ০২.১১.২০১৮ তারিখ রোজ শুক্রবার বিকেল-৩.৩০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত | শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা। | ০০০০০১ থেকে ৮০০০৯৯ পর্যন্ত | ১৪০১ |
| | শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা। | ০০০০০১ থেকে ৮০০০৯৯ পর্যন্ত | ১৫৫৫ |
| | ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা। | ০০০০০১ থেকে ৮০০০৯৬ পর্যন্ত | ১০৮৮ |

**সময়সূচি ও জরুরি নির্দেশাবলি:**

| সময়সূচি | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|
| ২:৩০-৩:০০ টা | পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষা হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। |
| ৩:০০ টা | পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা ও রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নির্ধারিত স্থানে স্বাক্ষর করার পর হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। |
| ৩:৩০ টা | পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রেরও ৪টি সাব সেট থাকবে, যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রতিসেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তরদান শুরু করবেন। **বিকেল ৩.৩০ টার সময় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।** |
| ৪:৩০ টা | পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষর্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

২. ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

গ. প্রশ্নপত্র বিতরণের পর কোনো পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ. প্রার্থীগণ পরীক্ষার হলে হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না। **প্রবেশপত্রে উ... ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য, বাছাই পরীক্ষার জন্য প্রযোজ্য নয়।**

চ. ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

ছ. পরীক্ষার সময় প্রার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে প্রার্থীগণ গহণা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।

জ. পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, ক্যালকুলেটর এবং নিষিদ্ধ ঘোষিত সামগ্রি পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝ. **কেন্দ্র পরিবর্তনের কোনো আবেদন বিবেচনা করা হবে না।**

ঞ. **পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।**

ট. এ পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পূর্ণমান হবে ১০০ (একশত)। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১(এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর করে কাটা হবে। পরীক্ষার পূর্ণ সময় ১(এক) ঘন্টা।

ঠ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্সের ২৫(বি) এবং ২৫(এ) ধারা অনুযায়ী শ্রুতিলেখকের জন্য কমিশনে আবেদন করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের Ordinance and Regulations ২৫(b) ধারা-"The amanuensis must be of a lower grade of education than the candidate and must not be attached to the institution to which the candidate belongs." প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে শ্রুতিলেখকদের শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্সের ২৫(বি) ধারা অনুযায়ী সরকারী কর্ম কমিশনের অনুমোদিত শ্রুতিলেখকসহ পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। কমিশনের অনুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোনো ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে আনা হলে তা গ্রহণযোগ্য হবে না। শ্রুতিলেখক হিসেবে যিনি প্রতিবন্ধী পরীক্ষার্থীকে সহায়তা প্রদান করবেন তার **শিক্ষাগত যোগ্যতার সনদ, ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শ্রুতিলেখক বর্তমানে অধ্যয়নরত থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র, প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি এবং উক্ত অর্ডিন্যান্সের ২৫(এ) ধারা অনুযায়ী শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্রসহ পরিচালক, ইউনিট-৯, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এর দপ্তরে ২৫.১০.২০১৮** তারিখের মধ্যে আবেদন পৌঁছাতে হবে।

ড. প্রতিবন্ধী পরীক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে কেবল কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কাজেই শ্রুতিলেখককে কেবল কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। কর্ম কমিশনের পূর্বানুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোনো শ্রুতিলেখককে পরীক্ষা হলে গ্রহণ করা হবে না।

ঢ. **উক্ত পদসমূহের পরীক্ষার্থীদের পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।** প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।**

ণ. উল্লিখিত পদগুলোর মধ্যে কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করলে তিনি যে কোনো একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করলে একাধিক পদের পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন মর্মে ধরে নেয়া হবে। তবে যে পদের পরীক্ষায় অংশ গ্রহণ করবেন, উত্তরপত্রে প্রার্থীকে সেই পদের জন্য নির্ধারিত রেজিঃ নম্বর উল্লেখ করতে হবে।

ত. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

৩. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৭.১০.১৮

[আ.ই.ম.নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

৩১২ D/u-9/DD/Press Re